বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসমূহে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি নির্দেশিকা

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আওতাধীন সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট (কুমিল্লা), রাজশাহী সার্ভে ইনস্টিটিউট, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (বগুড়া), নেক্টার (বগুড়া) এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি কোর্সে ১ম ও ২য় শিফটে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে আবেদন করতে পারবে নিম্নলিখিত শর্ত শাপেক্ষে।

১.০ ভর্তির শিক্ষাগত যোগ্যতা :

১.১ ভর্তির জন্য ২০১৭, ২০১৮, ২০১৯ সালে পাসকৃত এস.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জি.পি.এ. ৩.০০ সহ ন্যূনতম ৩.৫০ জি.পি.এ. প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জি.পি.এ. ৩.০০ সহ ন্যূনতম ৩.০০ জি.পি.এ. প্রাপ্ত শিক্ষার্থীরা এবং 'ও' লেভেলে যে কোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে কমপক্ষে 'ডি' গ্রেডে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। 'ও' লেভেল হতে যারা পাস করেছে তাদের নম্বর সনদ সাধারন শিক্ষা বোর্ড থেকে এসএসসি এর সমমান করে মেধাক্রম অনুসারে ভর্তির সুযোগ দেওয়া হবে। শিক্ষার্থীরা সাধারন বোর্ড হইতে নম্বর সনদের সমমান মূল্যায়ন পত্র কারিগরি শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

১.২ এস.এস.সি.সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাস প্রার্থীরাও আবেদন করতে পারবে। তবে আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ২২ বছর হতে হবে।

২.০ আবেদনের পদ্ধতি ও নিয়মাবলী :

২.১ ভর্তিচ্ছু প্রার্থীকে অন-লাইনে ১ম ও ২য় শিফটের যে কোন এক শিফটের জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) অথবা উভয় শিফটে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ৩০০/ (তিনশত টাকা) প্রথমে টেলিটক/রকেট/শিওরক্যাশ/বিকাশ এর মাধ্যমে জমা দিতে হবে। অতঃপর **www.btebadmission.gov.bd** অথবা **www.bteb.gov.bd** অথবা **www.techedu.gov.bd** অথবা **www.tmed.gov.bd** ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম **(Application form)** যথাযথভাবে পূরণ করতে হবে।

২.২ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এস.এস.সি. উত্তীর্ণ আবেদনকারীদের নম্বরপত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত রঙ্গিন ছবিসহ নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ১০/০৬/২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৪১২ নং কক্ষে সরাসরি পৌছানো নিশ্চিত করতে হবে। ফরমটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (**www.btebadmission.gov.bd**) থেকে সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২.৩ সংরক্ষিত কোটার (ভোকেশনাল ও মহিলা কোটা ব্যতিরেকে) আবেদনকারীগণ অন-লাইনে আবেদন করার পরে আবেদনের প্রিন্ট কপি ও অনুচ্ছেদ ৯.৩ এ বর্ণিত সকল কাগজপত্র আগামী ১০/০৬/২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৪১২ নং কক্ষে সরাসরি অথবা খামে "ভর্তি কোটার আবেদন" লেখাসহ নিম্নস্বাক্ষরকারীর বরাবর ডাকযোগে পৌছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় নির্ধারিত কোটা বিবেচ্য হবে না।

২.৪ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সহ সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩.০ ফি জমা দেয়ার পদ্ধতি :

ক) টেলিটক মাধ্যমে ফি জমাদান পদ্বতি:

৩.১ টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে **BTAD** লিখে, স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পাসের সন লিখে স্পেস দিয়ে ভর্তির শিফটের নির্ধারণ অক্ষর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণঃ **BTAD <Space>XXX<Space>YYYYYY< Space>ZZZZ<Space>S** এখানে, **XXX** এর স্থলে আবেদনকারী যে শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে বোর্ডের নামের সংক্ষিপ্ত রুপ [যেমন, ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (TEC)], উন্মুক্ত (BOU) **YYYYYY** এর স্থলে আবেদনকারীর এস.এস.সি. পাসের রোল নম্বর ও ZZZZ এর স্থলে এস.এস.সি. পাসের সন এবং S-এর স্থলে ১ম শিফট **(A)**, ২য় শিফট **(B)**, উভয় শিফট **(C)** হবে।

৩.২ SMS-প্রেরণকারী আবেদনের যোগ্য হলে প্রার্থীর নাম, পিতার নাম, শিফট, একটি **PIN** নম্বর এবং পরীক্ষার ফি হিসেবে এক শিফটের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) / উভয় শিফটের জন্য ৩০০/= (তিনশত) টাকা কেটে রাখার সম্মতি চেয়ে ফিরতি SMS দেয়া হবে। ফিরতি SMS মনোযোগের সাথে দেখে নিয়ে তথ্যাদি সঠিক থাকলে সম্মতি দিতে হবে। সম্মতি দেয়ার জন্য **BTAD<Space>YES<Space>PIN<Space>** যোগাযোগের **Mobile Number** লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। তবে যেকোন অপারেটরের একটি **Mobile Number** কেবলমাত্র একজন প্রার্থীর যোগাযোগের জন্য ব্যবহার করতে হবে। প্রার্থীকে **Money receipt** নম্বরসহ একটি ফিরতি SMS দেয়া হবে। উল্লেখ্য যে, **Money receipt** নম্বরটি নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং **Money receipt** নম্বরটি পাওয়ার পরে অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

খ) রকেট এর মাধ্যমে ফি জমাদান পদ্বতি:

৩.৩ রকেট একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য *322# ডায়াল কর নিম্নরূপ ধাপগুলো অনুসরণ করতে হবে:

মেনুতে Payment নির্বাচন করতে হবে। এরপর

ধাপ-১ : Bill Pay নির্বাচন করতে হবে।

ধাপ-২ : Successful SMS পাওয়ার জন্য নিজ রকেট একাউন্ট হলে Self/অন্য রকেট একাউন্ট হলে Other নির্বাচন ।

ধাপ-৩ : যোগাযোগের জন্য মোবাইল নম্বর দিতে হবে।

ধাপ-৪ : Other নির্বাচন করতে হবে।

ধাপ-৫ : Biller ID (288) ইনপুট দিতে হবে।

ধাপ-৬ : Bill Number: <শিফট><পাসের সন><বোর্ড কোড><রোল নম্বর>এন্ট্রি দিতে হবে (স্পেস দেওয়ার প্রয়োজন নেই)।

ধাপ-৭ : Amount #150/300 টাকা এন্ট্রি দিতে হবে।

ধাপ-৮ : Pin Number চাইলে ঐ রকেট একাউন্টের পিন নম্বর প্রদান করতে হবে।

Payment সফল হলে Successful SMS প্রদর্শিত হবে।

রকেট এর মাধ্যমে ভর্তির আবেদন ফি পরিশোধের ধাপগুলি নিম্নে চিত্রে দেখানো হল:

Payment Process through USSD Menu:



গ) শিওরক্যাশ এর মাধ্যমে ফি জমাদান পদ্বতি:

৩.৪ যে সকল মোবাইল ফোনে শিওরক্যাশ চালু আছে- সে সকল মোবাইল ফোন প্রথমে এ *495# ডায়াল করতে হবে।

ধাপ-১: শিওরক্যাশ এর মেনু পেতে *৪৯৫# ডায়াল করে, **PAYMENT** অপশন নির্বাচন করতে হবে

ধাপ-২: পেমেন্ট Keyword: **DTE** লিখতে হবে

ধাপ-৩: স্টুডেন্টকে লিখতে হবে: <শিফ্ট><পাশের সন><বোর্ড কোর্ড><রোল নম্বর>

ধাপ-৪: স্টুডেন্ট এর মোবাইল নাম্বার লিখতে হবে

ধাপ-৫: মোবাইলে Amount: Tk. 150/300 প্রদর্শিত হবে এবং মোবাইল একাউন্ট এর পিন নম্বর প্রদান করুন

ধাপ-৬: পেমেন্ট সফল হলে TXN নাম্বার সহ Successful Massage প্রদর্শিত হবে।

শিওরক্যাশ অ্যাপ এর মাধ্যমে ফি প্রদান করার নিয়মঃ

শিওরক্যাশ এর অ্যাপ ডাউনলোড করুন-

ধাপ-১: শিওরক্যাশ অ্যাপ এ লগ ইন করে Payment অপশন সিলেক্ট করুন

ধাপ-২: পরবর্তি ধাপে যেতে **DTE** লিখে Next অপশন সিলেক্ট করুন

ধাপ-৩: স্টুডেন্টকে লিখতে হবে: <শিফ্ট><পাশের বছর><বোর্ড><বোর্ডের রোল নম্বর>

ধাপ-৪: স্টুডেন্টের মোবাইল নাম্বার লিখতে হবে

(মোবাইল স্ক্রিনে Amount: Tk. 150/300 প্রদর্শিত হবে)

ধাপ-৫: পরবর্তি/Next বাটন সিলেক্ট করুন

ধাপ-৬: পেমেন্ট নিশ্চিত করতে Confirmation বাটন সিলেক্ট করুন।

Payment সফল হলে Txn ID সহ Successful Massage প্রদর্শিত হবে।

লক্ষণীয়ঃ

* স্টুডেন্টকে শিফ্ট (যেমন A), পাশের বছরের সংখ্যা (যেমন 2019), বোর্ডের নামের প্রথম তিন অক্ষর (যেমন ঢাকার জন্য DHA), এবং বোর্ডের রোল (যেমন 100389): <শিফ্ট><পাশের বছর><বোর্ড><বোর্ডের রোল নম্বর> লিখতে হবে।
উদাহরণ স্বরূপ- A2019DHA100389
* প্রতিটি শিক্ষার্থীর জন্য ভর্তি আবেদন ফি A ও B শিফ্ট এর জন্য ১৫০ টাকা, C শিফ্ট এর জন্য ৩০০ টাকা পরিশোধ করতে হবে।
* সকল শিক্ষার্থীর জন্য মোবাইল নাম্বার ভিন্ন হবে।
* এ সংক্রান্ত যে কোনো জিজ্ঞাসার উত্তর পেতে শিওরক্যাশ এর হট লাইনে যোগাযোগ করুন।
শিওরক্যাশ হট লাইন নাম্বার: 096 140 164 95

শিওরক্যাশ USSD Menu এর মাধ্যমে ফি প্রদান করার নিয়মঃ



৩.৫ বোর্ডের নামের কোডঃ

আবেদনকারী যে শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, ঐ বোর্ডের নামের প্রথম তিন অক্ষর [যেমন: ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (TEC) [উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (BOU), অন্যান্য - (OTH)] বোর্ড কোড এবং ১ম শিফ্ট হলে (A), ২য় শিফ্ট হলে (B), উভয় শিফ্ট হলে (C), এবং মেরিন/শিপ বিল্ডিং/মেরিন ট্রেড এর জন্য (D) হবে। বি: দ্র: উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রোল নং এ হাইপেন (-) থাকবে না।

৪.০ আবেদন ফর্ম পূরণের ধাপ :

৪.১ www.btebadmission.gov.bd হতে **Govt. Programs** –এর আওতাধীন **Diploma in Engineering** বাটনে অথবা www.bteb.gov.bd অথবা www.tmed.gov.bd অথবা www.techedu.gov.bd অথবা ওয়েবসাইটের Home page হতে “পলিটেকনিক-টিএসসি(ডিপ্লোমা) ভর্তি” বাটনে ক্লিক করে Application form Open করতে হবে।

৪.২ ১ম ধাপে, আবেদনকারীর রোল, বোর্ড, পাসের সন এবং রেজিঃ নং পূরণ করতে হবে। আবেদনকারীর তথ্য, ধারা নং '৩' এ উল্লেখিত যোগ্যতা অনুযায়ী সঠিক হলে এবং টেলিটক/রকেট/শিওরক্যাশ/বিকাশ এর মাধ্যমে ফি জমা দেয়া হয়ে থাকলে, আবেদনের পরের ধাপে যেতে পারবে।

৪.৩ ২য় ধাপে টেলিটক/রকেট/শিওরক্যাশ/বিকাশ এর SMS এর মাধ্যমে পাওয়া Transaction Code পূরণ করতে হবে। Transaction Code সঠিক হলে পরের ধাপে যেতে পারবে।

৪.৪ ৩য় ধাপে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং এখানে আবেদনকারীর ছবি (পরিস্কার পাসপোর্ট সাইজের রঙিন ছবি JPEG Format-এ, এবং অনধিক 100 KB) আপলোড করতে হবে। এছাড়াও আবেদনকারীর কোন কোটা যুক্ত হলে সেই সংক্রান্ত document আপলোড করতে হবে।

৪.৫ ৪র্থ ধাপে (ফি জমা দানের সময় নির্বাচনকৃত শিফ্ট অনুযায়ী) সকল প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের টেকনোলজি প্রদর্শিত হবে এবং সেখান থেকে প্রতি শিফ্ট এ অনধিক ১০টি করে প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ করতে পারবে। নির্বাচনকৃত প্রতিষ্ঠান-টেকনোলজি ছাড়াও যে কোন প্রতিষ্ঠানের, যে কোন টেকনোলজি হিসেবে অতিরিক্ত ১টি পছন্দ দেওয়া যাবে (আবেদনকারী তার নির্বাচনকৃত প্রতিষ্ঠান-টেকনোলজিতে নির্বাচিত না হলে, আসন খালি থাকা সাপেক্ষে যেকোন প্রতিষ্ঠান-টেকনোলজিতে ভর্তি হওয়ার পছন্দ/ইচ্ছা পোষন করতে পারবেন)।

৪.৬ প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ শেষ হলে পরের ধাপে পছন্দকৃত সকল শিফ্ট-প্রতিষ্ঠান-টেকনোলজি প্রদর্শিত হবে এবং এখানে আবেদনকারী তার পছন্দক্রম পরিবর্তন করতে পারবে।

৪.৬ অতঃপর আবেদনকারীকে তার সকল তথ্য, ছবি, পছন্দকৃত প্রতিষ্ঠান-টেকনোলজি এবং পছন্দক্রম প্রদর্শন করা হবে, এবং আবেদন সম্পন্ন করার সর্বশেষ অনুমতি চাওয়া হবে। আবেদন সম্পন্ন হলে আবেদনকারীর contact মোবাইলে SMS এর মাধ্যমে আবেদনের Application ID এবং Pin Number পাঠানো হবে। এই Application ID এবং Pin Number দিয়ে পরবর্তীতে আবেদনকারী তার আবেদনের তথ্যসমূহ পরিবর্তন করতে পারবে।

৫.০ ভর্তি নির্বাচন প্রক্রিয়া :

এসএসসি পাসের রেজাল্ট, পছন্দের ক্রম, কোটা ও অন্যান্য প্রযোজ্য শর্তের ভিত্তিতে প্রার্থীর প্রতিষ্ঠান-টেকনোলজি নির্বাচন করা হবে ।

৬.০ অপেক্ষমান তালিকা প্রণয়ন :

৬.১ মোট আসন সংখ্যা অনুযায়ী মেধা, পছন্দের ক্রম ও কোটাভিত্তিক তালিকা প্রণয়নের পাশাপাশি একটি অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হবে।

৬.২ মেধাক্রম অনুযায়ী ভর্তিকৃত প্রার্থী পছন্দের ক্রমানুসারে প্রতিষ্ঠান/টেকনোলজিভিত্তিক মাইগ্রেশনের সুযোগ পাবে।

৬.৩ মেধা তালিকা অনুযায়ী ভর্তির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর প্রতিষ্ঠান/টেকনোলজিভিত্তিক শূন্য আসনে অপেক্ষমান তালিকা হতে মেধা, পছন্দক্রম ও কোটার ক্রমানুসারে ভর্তি করা হবে।

৭.০ সরকার কর্তৃক নির্ধারিত কোটা :

৭.১ মহিলা কোটা-২০%; এস.এস.সি. (ভোকেশনাল)-১৫%; ক্ষুদ্র নৃ-গোষ্ঠি কোটা (ঢাকা, চট্টগ্রাম, বাংলাদেশ-সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউটের প্রতিটিতে ৪টি করে এবং অন্যান্য পলিটেকনিক ইনস্টিটিউট, ভিটিটিআই ও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে ২টি করে); মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ৫%, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী কোটা ৫% এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়াধীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্য ২% কোটা সংরক্ষিত থাকবে।

৭.২ এস.এস.সি.সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদি ট্রেড কোর্স সম্পন্ন প্রার্থীদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ৫% কোটা সংরক্ষিত থাকবে।

৭.৩ সরকার নির্ধারিত কোটায় আবেদনের প্রমাণপত্র :

(ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র

(খ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান অথবা কাউন্সিলার কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করতে হবে

(গ) শিক্ষা মন্ত্রণালয়াধীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র

(ঘ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র এবং

(ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্সধারীদের সনদপত্রের সত্যায়িত ফটোকপি,

উপরোক্ত কাগজ পত্র, আবেদনকারীর Application ID সম্বলিত প্রিন্ট আউটসহ আবেদনপত্র নির্ধারিত সময়সীমার মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৪১২ নং কক্ষে সরাসরি অথবা খামে "সরকারী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং -এ ভর্তি কোটার আবেদন" লেখাসহ ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় ১০/০৬/২০১৯ খ্রি. পৌছানো নিশ্চিত করতে হবে।

৭.৪ অন-লাইনে আবেদনের পর সরকার নির্ধারিত কোটা (ভোকেশনাল ও মহিলা কোটা ব্যতিরেকে) সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে ৯.৩ অনুচ্ছেদে বর্ণিত সকল প্রমাণপত্রসমূহ (Application ID সম্বলিত আবেদনের প্রিন্ট কপিসহ) নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন ফরম পাওয়া না গেলে প্রযোজ্য কোটা বিবেচ্য হবে না।

৯.৫ সরকার নির্ধারিত কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পর্যায়ক্রমে মেধা তালিকা/অপেক্ষমান তালিকা হতে শূন্য আসন পূরণ করা হবে।

৮.০ শূন্য আসন পূরণ :

৮.১ ভর্তিকৃত কোন শিক্ষার্থী ক্লাস শুরুর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। উক্ত শূন্য আসন পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে।

৮.২ ভর্তির ক্ষেত্রে ২০% ড্রপ-আউট বিবেচনায় টেকনোলজিভিত্তিক প্রতি গ্রুপে আসন সংখ্যা ৫০(পঞ্চাশ) নির্ধারণ করা হয়েছে।

৯.০ সময়সূচি :

অন-লাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে)	ফলাফল প্রকাশ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে)	ভর্তির সময়সীমা		ক্লাস শুরুর তারিখ
		মূল মেধা তালিকা হতে	অপেক্ষমান (মেধাক্রম) তালিকা হতে (আসন শূন্য থাকা সাপেক্ষে)	
১২/০৫/২০১৯ হতে ০৮/০৬/২০১৯ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত)	১৫/০৬/২০১৯	১৬/০৬/২০১৯ হতে ২৫/০৬/২০১৯ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত)	২৯/০৬/২০১৯ হতে ২৫/০৭/২০১৯	০১/০৮/২০১৯

১০.০ ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি :

১১.১ অনলাইনে আবেদন ফরম পূরণ, ছবি সংযোজন, টেলিটক/রকেট/শিওরক্যাশ/বিকাশের মাধ্যমে আবেদন ফি প্রেরণসহ আনুষাঙ্গিক কার্যক্রম প্রার্থী নিজ দায়িত্বে সম্পন্ন করবে। প্রার্থী এ বিষয়ে কারো সহযোগিতা নিয়ে প্রতারিত হলে কর্তৃপক্ষ এর জন্য দায়ী থাকবে না। অত্র বোর্ডের আওতায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব অধ্যক্ষের তত্ত্বাবধানে ভর্তি সংক্রান্ত হেল্প ডেস্ক চালু থাকবে।

১১.২ ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে এবং ভর্তি নীতিমালা-২০১৯ অনুযায়ী সম্পাদিত হবে।

১১.৩ যে কোন তথ্যের জন্য নিম্ন ঠিকানায় যোগাযোগ করা যাবে :

বুয়েট হেল্প ডেস্ক:
মোবা: ০১৭২৭২৩৩৫২৪ / ০১৭৮৯৩০৯৯৮১
মোবা: ০১৭৮৯০২৮১৭৩ / ১৭২৯৭২২৫৬১
[ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময়]

কারিগরি শিক্ষা বোর্ড হেল্প ডেস্ক:
মোবাইল: ০৯৬১২-২৮৮২৮৮

পরিচালক (কারিকুলাম)
ও ভর্তি কমিটির সদস্য সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।